WARPO
পানি সম্পদ পরিকল্পনা সংস্থা

Water Resources Planning Organization
Ministry of Water Resources
Government of the People's Republic of Bangladesh
WARPO Bhaban
72, Green Road, Dhaka 1215, Bangladesh
E-mail: dg@warpo.gov.bd
Tel: & Fax: 9131091
www.warpo.gov.bd

স্মারক নং:৪২.১০২.০১১.১৩.০০.০০৯.১৯৯৫(খন্ড-৬)-৪৩০ তারিখ: ২০-০৪-২০১৬ খ্রিঃ

নিয়োগ বিজ্ঞপ্তি

পানি সম্পদ পরিকল্পনা সংস্থার রাজস্ব খাতভুক্ত নিম্নেবর্ণিত স্থায়ী পদসমূহে সরাসরি জনবল নিয়োগের লক্ষ্যে পদের পার্শ্বে বর্ণিত বয়সসীমা, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহবান করা যাচ্ছে:

ক্রমিক নং	পদের নাম	সর্বোচ্চ বয়স সীমা	জাতীয় বেতন স্কেল (২০১৫ অনুযায়ী)	পদ সংখ্যা	পদের প্রকৃতি	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১।	উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা (সমাজ)	৩৫	৩৫,৫০০-৬৭,০১০/-	১টি	স্থায়ী	সমাজ বিজ্ঞান বিষয়ে প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা দ্বিতীয় শ্রেণীর স্নাতক (সম্মান) ডিগ্রীসহ দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী এবং পানি সম্পদ পরিকল্পনা প্রণয়ন কাজে ২ (দুই) বৎসরের বাস্তব অভিজ্ঞতাসহ প্রকল্প বাস্তবায়ন ও পরিকল্পনা কাজে সর্বমোট ৮ (আট) বৎসরের অভিজ্ঞতা।
২।	উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা (অর্থনীতিবিদ)	৩৫	৩৫,৫০০-৬৭,০১০/-	১টি	স্থায়ী	অর্থনীতি বিষয়ে প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা দ্বিতীয় শ্রেণীর স্নাতক (সম্মান) ডিগ্রীসহ দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী এবং পানি সম্পদ পরিকল্পনা প্রণয়ন কাজে ২ বৎসরের বাস্তব অভিজ্ঞতাসহ প্রকল্প বাস্তবায়ন ও পরিকল্পনা কাজে সর্বমোট ৮ বৎসরের অভিজ্ঞতা।
৩।	বৈজ্ঞানিক কর্মকর্তা (সহকারী প্রকৌশলী, ভূপরিস্থ পানি)	৩০	২২,০০০-৫৩,০৬০/-	১টি	স্থায়ী	পুরকৌশল বা পানি সম্পদ কৌশল বিষয়ে দ্বিতীয় শ্রেণীর স্নাতক ডিগ্রী। বর্ণিত বিষয়সমূহে স্নাতকোত্তর ডিগ্রীধারীগণ অগ্রাধিকার পাইবেন।
৪।	বৈজ্ঞানিক কর্মকর্তা (সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য)	৩০	২২,০০০-৫৩,০৬০/-	১টি	স্থায়ী	পুরকৌশল বা পানি সম্পদ কৌশল বিষয়ে দ্বিতীয় শ্রেণীর স্নাতক ডিগ্রী। বর্ণিত বিষয় সমূহে স্নাতকোত্তর ডিগ্রীধারীগণ অগ্রাধিকার পাইবেন।
৫।	বৈজ্ঞানিক কর্মকর্তা (মৃত্তিকা)	৩০	২২,০০০-৫৩,০৬০/-	১টি	স্থায়ী	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে মৃত্তিকা বিজ্ঞান বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণীর স্নাতক (সম্মান) ডিগ্রী। উক্ত বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রীধারীগণকে অগ্রাধিকার প্রদান করা হইবে।

(খ) এ নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান সকল কোটা অনুসরণ করা হবে।

(গ) আগ্রহী প্রার্থীদের নিম্নেবর্ণিত 'জীবন বৃত্তান্ত ছক' পূরণপূর্বক ডাকযোগে অথবা সরাসরি আগামী ২৫/০৫/২০১৬ তারিখের মধ্যে সচিব, ওয়ারপো, "ওয়ারপো ভবন", ৭২ গ্রীণরোড, ঢাকা-১২১৫ এই ঠিকানায় অফিস চলাকালীন সময়ের মধ্যে অবশ্যই পৌঁছাতে হবে।

"জীবন বৃত্তান্ত"

১। পদের নাম :
২। আবেদনকারীর নাম (ক) বাংলায় :
(খ) ইংরেজীতে (বড় অক্ষরে) :
৩। পিতার নাম/স্বামীর নাম :
৪। মাতার নাম :
৫। বিজ্ঞপ্তি নম্বর ও তারিখ :

৬। বর্তমান/পত্র যোগাযোগের ঠিকানা

(ক) বাংলায় :

(খ) ইংরেজীতে (বড় অক্ষরে) :

৭। স্থায়ী ঠিকানা

(ক) বাংলায় :

(খ) ইংরেজীতে :

৮। মোবাইল ফোন/টেলিফোন নম্বর (যদি থাকে) :

৯। নিজ জেলা (সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কমিশনার কর্তৃক ইস্যুকৃত সনদ দ্বারা সমর্থিত) :

১০। জন্ম তারিখ :

১১। জাতীয় পরিচয় পত্র নম্বর :

১২। জাতীয়তা :

১৩। ধর্ম :

১৪। (ক) প্রার্থী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা কিনা :

(খ) মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা কিনা :

(গ) অন্যান্য কোটা :

১৫। শিক্ষাগত যোগ্যতা :

ক্রমিক নম্বর	পরীক্ষার নাম	শিক্ষা প্রতিষ্ঠানের নাম	বোর্ড/বিশ্ববিদ্যালয়	পাশের সন	প্রাপ্ত বিভাগ/ শ্রেণী/জিপিএ	প্রধান পাঠ্য বিষয়সমূহ
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)

১৬। প্রযোজ্য ক্ষেত্রে অভিজ্ঞতা (যদি থাকে) :

১৭। ব্যাংক ড্রাফ্ট/পে-অর্ডার নম্বর : .... তারিখ: .... টাকার পরিমাণ: .... ব্যাংকের নাম ও শাখার নাম: ....

১৮। সংযোজিত কাগজপত্রের তালিকা :

আমি এ মর্মে অঙ্গীকার করছি যে, উপরে বর্ণিত তথ্যাবলী সম্পূর্ণ সত্য। কোন তথ্য অসত্য প্রমাণিত হলে আইনানুগ শাস্তি ভোগ করতে বাধ্য থাকবো।

তারিখ : আবেদনকারীর স্বাক্ষর:

বি:দ্র: জীবন বৃত্তান্ত ছকের কোন দফা বাদ দেয়া/অসম্পূর্ণ রাখা যাবে না। যদি কোন প্রার্থীর ক্ষেত্রে কোন দফা প্রযোজ্য না হয়, তবে সেক্ষেত্রে **প্রযোজ্য নহে** উল্লেখ করতে হবে। ছকের কোন দফা অসম্পূর্ণ থাকলে আবেদন পত্র বাতিল বলে গণ্য হবে।

(ঘ) আবেদনপত্রের সঙ্গে নিম্নে বর্ণিত কাগজপত্রসমূহ সংযোজন করতে হবেঃ

১। মহাপরিচালক ওয়ারপো এর অনুকূলে যে কোন সিডিউল ব্যাংক হতে ক্রয়কৃত (ক্রমিক ১-৫ নম্বর পর্যন্ত) ৫০০/-(পাঁচশত) টাকার শুধুমাত্র MICR নম্বরযুক্ত ব্যাংক ড্রাফট অথবা পে-অর্ডার (অফেরতযোগ্য)।

২। সদ্য তোলা ৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি।

৩। এস. এস. সি/সমমান সনদপত্র সহ সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত কপি।

৪। প্রযোজ্য ক্ষেত্রে কম্পিউটার জ্ঞানের সমর্থনে সনদপত্রের সত্যায়িত কপি।

৫। উচ্চতর ডিগ্রী/ডিপ্লোমা (যদি থাকে) সনদপত্রের সত্যায়িত কপি।

৬। জীবন বৃত্তান্ত ছকের ৯ ও ১২ নং অনুচ্ছেদে উল্লিখিত নিজ জেলা ও জাতীয়তার সমর্থনে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কমিশনার কর্তৃক ইস্যুকৃত নিজ জেলা উল্লেখ সম্বলিত জাতীয়তার সনদপত্রের মূল/সত্যায়িত কপি।

৭। জাতীয় পরিচয় পত্রের (যদি থাকে) সত্যায়িত কপি।

৮। প্রথম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।

৯। বিদেশী শিক্ষা প্রতিষ্ঠান থেকে প্রাপ্ত ডিগ্রীর ক্ষেত্রে বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন হতে ইস্যুকৃত সমমান নির্ধারণী সার্টিফিকেটের সত্যায়িত কপি অবশ্যই দরখাস্তের সাথে দাখিল করতে হবে।

১০। প্রার্থী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা হলে মুক্তিযোদ্ধার সনদপত্র (মন্ত্রণালয়ের সনদ, বামুস সনদ), মুক্তিবার্তা/গেজেট নম্বর ও তারিখ, মুক্তিযোদ্ধার বয়স প্রমাণের লক্ষ্যে এস,এস,সি সনদ/জন্মসনদ, মৃত মুক্তিযোদ্ধার মৃত্যু সনদ এবং মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হিসাবে চাকুরী প্রার্থীদের ক্ষেত্রে উপরোক্ত কাগজপত্রাদিসহ প্রার্থীর সাথে শহীদ মুক্তিযোদ্ধা/মুক্তিযোদ্ধার সম্পর্কের প্রমানক হিসাবে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কমিশনার/কাউন্সিলর কর্তৃক ইস্যুকৃত প্রত্যয়ণপত্র, প্রার্থী এবং তার পিতা মাতার জাতীয় পরিচয়পত্রসহ সকল কাগজপত্রের সত্যায়িত অনুলিপি জমা প্রদান করতে হবে।

১১। উপজাতীয়/শারীরিক প্রতিবন্ধি প্রার্থীর ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত উপজাতীয়/শারীরিক প্রতিবন্ধি সম্পর্কিত সনদপত্রের সত্যায়িত কপি।

(ঙ) সাধারণ জ্ঞাতব্যঃ

১। খামের উপর পদের নাম অবশ্যই উল্লেখ করতে হবে।

২। বয়স প্রমানের ক্ষেত্রে এস.এস.সি/সমমান সনদপত্র ব্যতীত অন্য কোন প্রশংসা পত্র/এ্যাফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

৩। প্রাথমিকভাবে বাছাইকৃত প্রার্থীদের কর্তৃপক্ষের সিদ্ধান্ত সাপেক্ষে লিখিত এবং মৌখিক পরীক্ষায় অবতীর্ণ হতে হবে।

৪। চাকুরীরত প্রার্থীদেরকে তাদের স্ব-স্ব নিয়োগকারী কর্তৃপক্ষের মাধ্যমে অনাপত্তিপত্রসহ নির্ধারিত সময়সীমার মধ্যে দরখাস্ত দাখিল করতে হবে।

৫। শহীদ মুক্তিযোদ্ধা/মুক্তিযোদ্ধার পুত্র-কন্যাদের অথবা শহীদ মুক্তিযোদ্ধা/মুক্তিযোদ্ধার পুত্র-কন্যাদের পত্র-কন্যার ক্ষেত্রে বয়সের উচ্চসীমা ৩২ (বত্রিশ) বৎসর পর্যন্ত শিথিলযোগ্য।

৬। ত্রুটিপূর্ণ দরখাস্ত এবং প্রদত্ত তথ্যের সমর্থনে কাগজপত্র সংযুক্ত না থাকলে দরখাস্ত বাতিল যোগ্য হবে।

৭। সকল সত্যায়ন/প্রত্যয়ন ১ম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক সম্পাদিত হতে হবে।

৮। কর্তৃপক্ষ প্রয়োজনে সকল দরখাস্ত বাতিল করার অধিকার সংরক্ষণ করেন। এর জন্য কোন প্রকার জবাবদিহি করতে কর্তৃপক্ষ বাধ্য থাকবে না।

(এস এম শাহাব উদ্দিন মাহমুদ)
সচিব, ওয়ারপো

অনুলিপি:

১। মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা (কম্পিউটার ও তথ্য), ওয়ারপো, ঢাকা (নিয়োগ বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)।